গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ৭ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩২, ভবন-৩)।
তারিখ ও সময় : ০৫.০৩.২০১৭ খ্রিঃ, সকালঃ ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি সেবা প্রতিষ্ঠানসমূহে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠার জন্য কর্তব্যনিষ্ঠা, সততা এবং জবাবদিহিতার গুরুত্ব তুলে ধরেন। অত:পর গত সভার কার্যবিবরণীতে সংশোধন/সংযোজন বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দের মন্তব্য/মতামত আহবানে কোন ধরণের মন্তব্য/মতামত না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হয়।

২. সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়)-কে অনুরোধ করেন।

৩. **৩য় কোয়ার্টারের (জানুয়ারি '১৭ - মার্চ '১৭) অগ্রগতি পর্যালোচনাঃ** জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার তৃতীয় কোয়ার্টারের (জানুয়ারি '১৭ - মার্চ '১৭) বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**(ক) আইন/বিধি/নীতিমালা প্রনয়ন ও সংস্কার:**

১. **আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন ২০১৬ প্রণয়নঃ** বেগম ফৌজিয়া খান, সিনিয়র সহকারী সচিব, জনস্বাস্থ্য-৩ জানান, আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন ২০১৬ এর খসড়া গত ১০.১০.২০১৬ তারিখে মন্ত্রিসভায় নীতিগত অনুমোদন পায়। উক্ত খসড়া আইনটি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে গত ০২.১১.২০১৬ তারিখে প্রেরণ করা হয়েছে। ২৮.১২.২০১৬ তারিখে সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সভাপতিত্বে ১টি সভা অনুষ্ঠিত হয়। বিষয়টি বর্তমানে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে।

২. **মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ প্রণয়নঃ** জনাব হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (হাসপাতাল) জানান, খসড়া আইনটি আরো পরীক্ষা-নিরীক্ষার জন্য অধ্যাপক ডাঃ প্রাণ গোপাল দত্ত, প্রাক্তন উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় এর মাধ্যমে জাতীয় অটিজম ও স্নায়ু বিকাশজনিত সমস্যা বিষয়ক উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ হোসেন এর নিকট পাঠানো হয়েছে এবং আশা করা যায় চলতি মাসের মধ্যেই প্রতিবেদন পাওয়া যাবে।

৩. **জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন প্রণয়নঃ** বেগম নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব (মানব সম্পদ ব্যবস্থাপনা ইউনিট) জানান, ইংরেজী ভার্সনে প্রণীত জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইনটির খসড়াতে অনেক অসংগতি রয়েছে। এগুলো সংশোধনক্রমে বাংলা ও ইংরেজী উভয় ভার্সনে নীতিমালাটি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিশ্বস্বাস্থ্য সংস্থা এ বিষয়ে সহযোগিতা করছে।

৪. **জাতীয় ঔষধ নীতি, ২০১৬:** জনস্বাস্থ্য-১ এর প্রতিভূ কর্মকর্তা বেগম ফৌজিয়া খান, সিনিয়র সহকারী সচিব, জনস্বাস্থ্য-৩ জানান, নীতিমালাটির গেজেট প্রকাশের জন্য বিজি প্রেসে পত্র প্রেরণ করা হলে প্রজ্ঞাপন আকারে

প্রেরণের জন্য ফেরত প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে নীতিমালাটির গেজেট প্রকাশের জন্য প্রজ্ঞাপন আকারে আগামী ১২ মার্চ ২০১৭ তারিখের মধ্যে বিজি প্রেসে প্রেরণ করা হবে।

(খ) ই-গভর্নেন্সঃ

১. **অনলাইন রেসপন্স সিস্টেম চালুঃ** জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) বলেন, ইলেকট্রনিক মেইল এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে সেবাগ্রহীতাদের সাথে মিথস্ক্রিয়া কিংবা বিভিন্ন প্রশ্নের জবাব আদান প্রদান কিংবা কাঙ্খিত সেবাটির বর্তমান অবস্থা সম্পর্কে খোঁজ খবর জানানোই হচ্ছে অনলাইন রেসপন্স সিস্টেম। সভাপতি মহোদয় প্রতি মাসে কতটি ইমেইল বা এসএমএস এর মাধ্যমে জনগণ বা সেবাগ্রহীতাকে উত্তর দেওয়া হয়েছে কিংবা সেবা প্রদান করা হয়েছে তার নির্দিষ্ট পরিসংখ্যান সভায় উপস্থাপনের নির্দেশনা দেন। তিনি মন্ত্রণালয়ের ফেসবুক পেজে সবাইকে সম্পৃক্ত করার মাধ্যমে সরকার যে কাজ করছে তা জনগণকে প্রদর্শন ও অবহিত করতে নির্দেশনা দেন।

সচিব মহোদয় জানান, আগামী ২২ মার্চ ২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর অফিসে সোসাল মিডিয়া সংলাপ অনুষ্ঠিত হবে। উক্ত সোসাল মিডিয়া সংলাপ এ উন্মুক্ত আলোচনা হবে এবং BTV, Facebook, Youtube সহ বিভিন্ন সোস্যাল মিডিয়ায় তা সরাসরি সম্প্রচারিত হবে।

২. **ভিডিও কনফারেন্সঃ** মন্ত্রণালয় হতে মাঠ পর্যায়ের বিভিন্ন অফিস ও হাসপাতালে বর্তমানে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে চিকিৎসক ও সেবাগ্রহীতাদের সাথে যোগাযোগ হচ্ছে। এতে সেবার মান, সেবাগ্রহীতাদের প্রত্যাশা ও বিভিন্ন ত্রুটিবিচ্যুতি সরাসরি মন্ত্রণালয়ের নজরে আসছে। পরবর্তি সভা হতে মাস ভিত্তিক কতটি ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়েছে তার পরিসংখ্যান সভায় উপস্থাপনের জন্য সভাপতি মহোদয় অনুরোধ করেন।

৩. **ই-টেন্ডার চালুকরণঃ** জনাব আঃ গাফফার খান, যুগ্মসচিব (প্রশাসন) জানান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন অধিকাংশ অধিদপ্তর/দপ্তরে ইতোমধ্যে ই-টেন্ডারিং কার্যক্রম চালু করা হয়েছে। মন্ত্রণালয়ের নিজস্ব প্রকিউরমেন্টের ক্ষেত্রে আগামী ৩১ মার্চের মধ্যে ই-টেন্ডারিং কার্যক্রমের প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্নের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং উল্লেখ করেন ই-টেন্ডারিং ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন ও দুর্নীতি লাঘবে সরাসরি ভূমিকা রাখতে পারে।

৪. **ই-ফাইলিং:** জনাব মোহাম্মদ রবিউল ইসলাম, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, কম্পিউটার সেল জানান, ই-ফাইলিং চালুর নিমিত্ত কর্মকর্তা পর্যায়ে প্রশিক্ষণ শেষ হয়েছে। প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম এখনো শুরু হয়নি। জনাব আ: গাফফার খান, যুগ্মসচিব (প্রশাসন) জানান, কম্পিউটার সেলে ই-ফাইলিং কার্যক্রম চালুর প্রস্তুতি চলছে। সভাপতি মহোদয় ই-ফাইলিং এর সুবিধাসমূহ তুলে ধরে বলেন, যে কোন জায়গা থেকে অফিসের কাজ করা যাবে বাসায়, গাড়িতে অথবা বিদেশে বসেও অফিসের কাজ সম্পাদন করা যাবে। ফাইলের গোপনীয়তাও রক্ষা পাবে।

(গ) **জবাবদিহিতা শক্তিশালীকরণঃ**

১. **অডিট কমিটির সভাঃ** জনাব মো: নজরুল ইসলাম, অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) জানান, ৪ (চার) হাজারের উপর অডিট আপত্তি রয়েছে। ইতোমধ্যে প্রায় ১ (এক) হাজার নিষ্পত্তি হয়েছে। তিনি আরো জানান, স্থানীয় পর্যায়ে কর্মকর্তা বদলি বড় ধরণের সমস্যার সৃষ্টি করে। তিনি মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে হাসপাতাল পরিদর্শনে গিয়ে অডিটের বিষয়টি দেখার জন্যও অনুরোধ করেন।

জনাব ফয়েজ আহম্মদ, অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, অডিট আপত্তির নিষ্পত্তি ত্বরান্বিত করার জন্য মন্ত্রণালয়ের প্রত্যেক কর্মকর্তাকে সুনির্দিষ্ট জেলা/জেলাসমূহের দায়িত্ব প্রদান করা যেতে পারে এবং অভিজ্ঞতার আলোকে তিনি এও উল্লেখ করেন যে, এতে করে পুঞ্জীভূত অডিট আপত্তির নিষ্পত্তিতে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন সহজও সম্ভব হবে।

সভাপতি মহোদয় উল্লেখ করেন প্রত্যেক কর্মকর্তাকে পছন্দের জেলা নির্বাচনের সুযোগ দেওয়া যেতে পারে এবং কোন জেলায় একাধিক পছন্দের ক্ষেত্রে কর্মকর্তার স্থায়ী ঠিকানাসহ অন্যান্য কিছু বিষয় বিবেচনা করা যেতে পারে।

(ঘ) **মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমঃ**

**১. প্রশিক্ষণ, ওয়ার্কশপ ইত্যাদিঃ** চলতি কোয়ার্টারে (জানুয়ারি '১৭ - মার্চ '১৭) লক্ষ্যমাত্রা থাকায় প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। জনাব হারুন উর রশীদ খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকিউরমেন্টের উপর প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরে বলেন, বিশেষ করে উন্নয়ন অনুবিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তাদের এবিষয়ে নিবিড় প্রশিক্ষণ প্রয়োজন। সভাপতি মহোদয় বলেন, উন্নয়ন অনুবিভাগের কর্মকর্তাদেরকে সিপিটিইউ, আইএমইডি এর মাধ্যমে প্রয়োজনীয় প্রশিক্ষণের বন্দোবস্ত করা যেতে পারে।

**২. প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার:** প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ মডিউলে 'শুদ্ধাচার' বিষয়টি অন্তর্ভুক্তির বাধ্যবাধকতা রয়েছে। নিপোর্ট, নিমিউ এন্ড টিসি, স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার যথারীতি অন্তর্ভুক্ত করা হয়েছে। টেমো-তে কোন প্রশিক্ষণ কার্যক্রম নেই। পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে অধিদপ্তরের প্রতিনিধিগণ জানান। এবিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর হতে কোন প্রতিবেদন পাওয়া যায়নি।

**৩. গণশুনানি:** সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থায় গণশুনানির নিমিত্ত কমিটি গঠিত হওয়ায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন।

৪. **গৃহীত সিদ্ধান্তসমূহ:**

| ক্র:নং: | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন ২০১৬ প্রণয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে নিয়মিতভাবে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করতে হব। | জনস্বাস্থ্য-৩ |
| ৪.২ | মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ আগামী এক সপ্তাহের মধ্যে আনুসঙ্গিক কার্যক্রম শেষে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (হাসপাতাল) ও উপসচিব (হাসপাতাল-২) |
| ৪.৩ | জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন আগামী ১ (এক) মাস ১৫ (পনের) দিনের মধ্যে বাংলা ও ইংরেজী উভয় ভার্সনে চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও উপসচিব (HRM ইউনিট) |
| ৪.৪ | জাতীয় ঔষধ নীতি, ২০১৬ এর গেজেট প্রকাশের জন্য আগামী ১২ মার্চ ২০১৭ তারিখের মধ্যে প্রজ্ঞাপন আকারে বিজি প্রেসে প্রেরণ করতে হবে। | উপসচিব (জনস্বাস্থ্য-১) |
| ৪.৫ | প্রতিমাসে কতটি ই-মেইল বা মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জনগণ বা সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে তার পরিসংখ্যান, ভিডিও কনফারেন্সিং এর সংখ্যা সভায় উপস্থাপন এবং মন্ত্রণালয়ের ফেসবুক পেজে সকল কর্মকর্তা সম্পৃক্ত হবেন। | উপসচিব (প্রশাসন-৪), সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল |
| ৪.৬ | মন্ত্রণালয়ের নিজস্ব প্রকিউরমেন্টের ক্ষেত্রে ই-টেন্ডারিং চালুকরণের নিমিত্ত আগামী ৩১ মার্চ ২০১৭ তারিখের মধ্যে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) |
| ৪.৭ | আগামী ১৫ (পনের) দিনের মধ্যে কম্পিউটার সেলে ই-ফাইলিং চালুকরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল |

| | | |
|---|---|---|
| ৪.৮ | উন্নয়ন অনুবিভাগের কর্মকর্তাগণকে প্রকিউরমেন্টের উপর প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত সিপিটিইউ, আইএমইডি এর সাথে যোগাযোগক্রমে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:-
(মো: সিরাজুল ইসলাম)
সচিব
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং- ৪৫.১৪১.০১৪.০০.০০.০০২.২০১৬-৭৭ তারিখঃ ০২.০৪.২০১৭ খ্রিঃ

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা/চিকিৎসা শিক্ষা/পরিবার কল্যাণ ও কার্যক্রম/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য/হাসপাতাল/শৃঙ্খলা ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/নিপোর্ট), ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন/অডিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭. উপসচিব (জনস্বাস্থ্য-১/হাসপাতাল-২),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপপ্রধান (মানব সম্পদ ব্যবস্থাপনা ইউনিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-৩),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২. ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

02.08.2017

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপ-সচিব
ফোন নং- ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

Doc-E/Ad-4/Suddachar.Letter